



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঈশ্বরদী, পাবনা।
www.ati.pabna.gov.bd

নং: ১২.০১.৭৬৩৯.২৭০.৯৯.১৭৬.২১.৫০৩

তারিখ: ২৪-০৯-২০২৩ খ্রি.

সংশোধিত নোটিশ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা এর স্মারক নং ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩-৯৫, তারিখ : ২১-০৯-২০২৩খ্রি. মোতাবেক ডিপ্লোমা ইন এগ্রিকালচার শিক্ষাক্রমের ২০২৩-২৪ শিক্ষা বর্ষের নিশ্চয়নকৃত সকল ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৫/০৯/২০২৩খ্রি. হতে ০২/১০/২০২৩খ্রি. তারিখের মধ্যে নিম্নলিখিত কাজপত্রসহ অত্র ইনস্টিটিউটে স্ব-শরীরে উপস্থিতি হয়ে স্বাস্থ্য বিধি মেনে ভর্তির জন্য নির্দেশ প্রদান করা হলো। ১ম পর্বের ভর্তি ফি ৩৫০০/- (তিন হাজার পাঁচ শত) টাকা রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ঈশ্বরদী শাখা, ঈশ্বরদী, পাবনায় (সঞ্চয়ী হিসাব নং- ৪৭৯৪) এবং মসজিদ উন্নয়ন ফি বাবদ ১০০/- (একশত) টাকা সঞ্চয়ী হিসাব নং ৬৭৭৮ এ প্রদান করে জমা স্লিপ অত্র ইনস্টিটিউটের একাডেমিক শাখার জমা দিয়ে ভর্তি নিশ্চিত করার জন্য বলা হলো। এছাড়াও যে সকল ভর্তিচ্ছুক শিক্ষার্থী অন্য প্রতিষ্ঠানে ভর্তি আছে তাদের নিজ দায়িত্বে ভর্তি বাতিল করার জন্য বলা হলো।

ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি বিবরণ :

১. এস.এস.সি মূল নম্বরপত্র (এস এস সি মূল নম্বরপত্র হাতে না পেলে এসএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও মূল প্রবেশপত্র জমা সাপেক্ষেসাময়িক ভাবে ভর্তি নেওয়া হবে। তবে বোর্ড কর্তৃক মূল নম্বরপত্র পাওয়া মাত্রই প্রতিষ্ঠানে জমা দিতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি বাতিল হলে কর্তৃপক্ষ দায়ি থাকিবে না)।
২. প্রশংসা পত্রের ফটোকপি-১ কপি।
৩. পাসপোর্ট সাইজের ছবি-৩ কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি-২ কপি।
৪. ২৩৮/- টাকা বাকাশিবোতে প্রদান করার পর অনলাইন হতে নিশ্চয়নের প্রিন্ট কপি- ১কপি।
৫. পৌরসভা/ইউপি/সিটি কর্পোরেশন কর্তৃক নাগরিকত্বের সনদ।

স্বা/-

(মোঃ মাহমুদুল ফারুক)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

নং: ১২.০১.৭৬৩৯.২৭০.৯৯.১৭৬.২১.৫০৩ (৭)

তারিখ: ২৪-০৯-২০২৩ খ্রি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:-

- ১। পরিচালক, প্রশিক্ষণ উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা -১২১৫।

অনুলিপি বিতরণ:-

- ১। জনাব -----উপাধ্যক্ষ/মুখ্য প্রশিক্ষক/ উর্ধ্বতন প্রশিক্ষক/প্রশিক্ষক/উপসহকারী প্রশিক্ষক/পিএ হিসাব রক্ষক/স্টোর কিপার/উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক/লাইব্রেরিয়ান/ক্যাশিয়ার/ অত্রদপ্তর।
- ২। ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ঈশ্বরদী শাখা, পাবনা।
- ৩। একাডেমিক শাখা, এটিআই, ঈশ্বরদী, পাবনা।
- ৪। নোটিশ বোর্ড/ ছাত্রাবাস/ ছাত্রীনিবাস, এটিআই, ঈশ্বরদী, পাবনা।
- ৫। ওয়েব পোর্টাল।
- ৬। অফিস নথি।

(মোঃ মাহমুদুল ফারুক)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ফোন- ০২৫৮৮৮৮৪৭৭৩৩

ish.principalati@yahoo.com

২৪/০৯/২৩